

পিএসসির সার্টিফিকেট নিয়ে বিড়ম্বনায় শিক্ষার্থীরা

প্রকাশ : ০১ এপ্রিল ২০২১, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) : উপজেলার বাকতা ইউনিয়নের ৪৮ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সার্টিফিকেট নিতে আসা শিক্ষার্থীরা
—ইত্তেফাক

ফুলবাড়ীয়া
(ময়মনসিংহ)
সংবাদদাতা

ফুলবাড়ীয়া উপজেলায় পিএসসির সার্টিফিকেট নিতে বিড়ম্বনার শিকার হচ্ছেন অষ্টম শ্রেণিতে রেজিস্ট্রেশন করা শিক্ষার্থীরা। পিএসসির সার্টিফিকেটের জন্য তারা স্কুলে স্কুলে ঘুরছে। পাওয়া যাচ্ছে না স্কুল শিক্ষকদের। ফলে হয়রানির শিকার হচ্ছে শিক্ষার্থীরা। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে

শ্বেভ বিরাজ করছে। সরেজমিন উপজেলার বাকতা ইউনিয়নের ৪৮ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বুধবার গিয়ে দেখা গেছে, সকাল ১০টায় স্কুলের গেটে তালা। বাউন্ডারি দেওয়াল উপকে স্কুলের বারান্দায় ঘুরাফেরা করছে ৮/১০ জন শিক্ষার্থী। বাইরে অপেক্ষমাণ আরো বেশ কজন। তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, তারা সবাই এ স্কুল থেকে ২০১৯ সালে পিএসসি পরীক্ষা দিয়েছে। অষ্টম শ্রেণিতে রেজিস্ট্রেশনের জন্য পিএসসি পরীক্ষার সার্টিফিকেটের ফটোকপি চেয়েছে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধানরা। সাথী ও তানফি নামের অষ্টম শ্রেণির দুই শিক্ষার্থী জানায়, দুই দিন ধরে পিএসসি সার্টিফিকেটের জন্য তিনি ঘুরছেন। আজকে সার্টিফিকেট দেওয়ার কথা। এ কারণে সকাল ৯টার সময় বিদ্যালয়ে এসেছেন। কাউকে না পেয়ে দেওয়াল উপকে ভেতরে প্রবেশ করেছেন।

সকাল ১১টার দিকে বিদ্যালয়ের দপ্তরি আ. রাজ্জাক এসে শিক্ষার্থীদের সার্টিফিকেট বিলি করে। তাকে ছাড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সবাই ছিল অনুপস্থিত। বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। পরে বিদ্যালয়ের দপ্তরি আ. রাজ্জাককেও ফোনে পাওয়া যায়নি। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল্লাহহেল বাকী জানান, করোনার কারণে স্কুল বন্ধ থাকলেও অফিশিয়াল কাজের জন্য স্কুল খোলা। তিনি সব সার্টিফিকেট স্বাক্ষর করে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধানদের কাছে পাঠিয়ে দিয়েছেন। বিষয়টি খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন তিনি।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

বিজ্ঞাপন (ক্লিক করুন):

|